

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩.১৭-২৬৪

তারিখ: ২৮.০৩.২০১৭ খ্রি:।

বিষয়: পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন পোনাছড়া ইসলামিয়া নেছারিয়া ফায়িল মাদরাসার শিক্ষক জনাব মো: আব্দুল কাদের, সহকারী অধ্যাপক (আরবি) এবং জনাব আবু হাফেজ মুহা: আ: সালাম প্রভাষক (আরবি) এর সহকারী মৌলভী পদ হতে প্রভাষক পদে সমন্বিত/ পদোন্নতি প্রাপ্তির পর তাঁদের প্রভাষক পদের বিপরীতে প্রাপ্ত বেতন-ভাতার প্রথম এমপিও শীট, নিয়োগ পত্র, যোগদান পত্র ও জন্ম তারিখ প্রমাণক সনদ পত্র মাদরাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) জনাব আবু হাফেজ মুহা: আ: সালাম, প্রভাষক, আরবি এর আবেদন

তারিখ: ০৩.০৮.২০১৭ খ্রি:।

(২) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩.১৭-

তারিখ: ৩০.১০.২০১৭ খ্রি:।

(৩) পোনাছড়া ইসলামিয়া নেছারিয়া ফায়িল মাদরাসার স্মারক নং- পোফামা/২০১৭/৬৬

তারিখ: ১১.১১.২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারকে জনাব আবু হাফেজ মুহা: আ: সালাম, প্রভাষক (আরবি), পোনাছড়া ইসলামিয়া নেছারিয়া ফায়িল মাদরাসা কর্তৃক মাদরাসা শিক্ষা অধিদপ্তরে একটি অভিযোগ আবেদন দাখিল করা হয়।

০২. জনাব আবু হাফেজ মুহা: আ: সালাম, প্রভাষক (আরবি) কর্তৃক দাখিলকৃত অভিযোগ আবেদনে জানানো হয়েছে যে, অধ্যক্ষ কর্তৃক তাঁর মাদরাসায় জ্যেষ্ঠতার বিধি লংঘনপূর্বক জ্যেষ্ঠ শিক্ষক জনাব আবু হাফেজ মুহা: আ: সালাম প্রভাষক (আরবি) এর পরিবর্তে কনিষ্ঠ শিক্ষক জনাব মো: আব্দুল কাদের প্রভাষক (আরবি) এর বিপরীতে সহকারী অধ্যাপকের উচ্চতর স্কেল প্রাপ্তির বিষয়ে সুপারিশ করা হয়।

০৩. জনাব আবু হাফেজ মুহা: আ: সালাম এর অভিযোগের প্রেক্ষিতে জ্যেষ্ঠ প্রভাষক জনাব হাফেজ মুহা: আ: সালাম, প্রভাষক (আরবি) এর পরিবর্তে কনিষ্ঠ প্রভাষক জনাব মো: আব্দুল কাদের, প্রভাষক (আরবি) এর বিপরীতে সহকারী অধ্যাপকের উচ্চতর স্কেল প্রাপ্তির বিষয়ে সুপারিশের কারণ ব্যাখ্যা চেয়ে সূত্রোক্ত ২ নং স্মারকে অধ্যক্ষ, পোনাছড়া ইসলামিয়া নেছারিয়া ফায়িল মাদরাসা -কে পত্র প্রেরণ করা হয়।

০৪. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের পত্রের প্রেক্ষিতে বিষয়োক্ত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক একটি জবাবী পত্র সূত্রোক্ত ৩ নং স্মারকে এ অধিদপ্তরে প্রেরণ করা হয়।

০৫. অধ্যক্ষের জবাবী পত্র ও পত্রের সাথে সংযুক্ত কাগজ-পত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, জনাব আব্দুল কাদের ও জনাব আবু হাফেজ মুহা: আ: সালাম সহকারী মৌলভী পদ হতে প্রভাষক পদে সমন্বিত/ পদোন্নতি হওয়ার পর তাঁদের প্রভাষক পদের বিপরীতে প্রাপ্ত বেতন-ভাতার প্রথম এমপিও শীট, নিয়োগ পত্র, যোগদান পত্র ও জন্ম তারিখ প্রমাণক সনদ পত্র নেই। ফলে জ্যেষ্ঠতা নির্ণয় করা যাচ্ছে না এবং সহকারী অধ্যাপকের স্কেল বিষয়ক জটিলতা নিরসন করা যাচ্ছে না।

০৬. উল্লেখ্য যে, জনবল কাঠামো ২৪ অক্টোবর, ১৯৯৫ খ্রি: এর ১৩ অনুচ্ছেদ এর ২ ধারা মোতাবেক এবং জনবল কাঠামো ৪ ফেব্রুয়ারী, ২০১০-এ প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত এর ১৩ অনুচ্ছেদ মোতাবেক জ্যেষ্ঠতা নির্ণীত হয়ে থাকে প্রথম এমপিওভুক্তির তারিখ হতে। তবে এমপিওভুক্তি একই তারিখে হলে জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে যোগদানের তারিখ বিবেচনা করা হয়। যোগদান ও একই তারিখে হলে তাদের জন্ম তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ণয় করা হয়।

০৭. উপরিউক্ত মতে জনাব মো: আব্দুল কাদের ও জনাব আবু হাফেজ মুহা: আ: সালাম এর জ্যেষ্ঠতা নির্ধারণ ও সহকারী অধ্যাপকের স্কেল প্রাপ্তির বিষয়টি সুরাহার জন্য তাঁদের নিম্নে বর্ণিত তথ্য প্রয়োজন

(ক) জনাব মো: আব্দুল কাদের ও জনাব আবু হাফেজ মুহা: আ: সালাম উভয়ের প্রভাষক পদের নিয়োগ পত্র।


(খ) জনাব মো: আব্দুল কাদের ও জনাব আবু হাফেজ মুহা: আ: সালাম উভয়ের প্রভাষক পদে যোগদান পত্র।

(গ) জনাব মো: আব্দুল কাদের ও জনাব আবু হাফেজ মুহা: আ: সালাম উভয়ের প্রভাষক পদের বিপরীতে প্রাপ্ত বেতন-ভাতার প্রথম এমপিও শীট।

(ঘ) জনাব মো: আব্দুল কাদের ও জনাব আবু হাফেজ মুহা: আ: সালাম উভয়ের জন্ম তারিখ প্রমাণক দাখিল সনদ পত্র।

০৮. বর্ণিত অবস্থার প্রেক্ষিতে জনাব মো: আব্দুল কাদের ও জনাব আবু হাফেজ মুহা: আ: সালাম এর সহকারী অধ্যাপকের স্কেল প্রাপ্তি সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য উপরিউক্ত তথ্যাদি প্রয়োজন।

০৯. এমতাবস্থায় পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন পোনাছড়া ইসলামিয়া নেছারিয়া ফায়িল মাদরাসার শিক্ষক জনাব মো: আব্দুল কাদের, সহকারী অধ্যাপক (আরবি) এবং জনাব আবু হাফেজ মুহা: আ: সালাম প্রভাষক (আরবি) এর সহকারী অধ্যাপকের স্কেল প্রাপ্তি সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য তাঁদের প্রভাষক পদের বিপরীতে প্রাপ্ত বেতন-ভাতার প্রথম এমপিও শীট, নিয়োগ পত্র, যোগদান পত্র ও জন্ম তারিখ প্রমাণক সনদ পত্র আগামী ০৮.০৪.২০১৮ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মো: আফাজ উদ্দীন

সহকারী পরিচালক (সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং-৪১০৩০১৬৭

ই-মেইল- dgdmeb@gmail.com

অধ্যক্ষ, পোনাছড়া ইসলামিয়া নেছারিয়া ফায়িল মাদরাসা, বাউফল, পটুয়াখালী।

অনুলিপি

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহনপুল (৯ম তলা)।

২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বরিশাল অঞ্চল।

৩. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।

৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাউফল, পটুয়াখালী।

৫. অফিস কপি।